

জাতীয় শোক দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর  
প্রতিকৃতিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষ হতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন



১৫ আগস্ট ২০২০, শনিবার 'জাতীয় শোক দিবস-২০২০ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৫ তম শাহাদাৎ বার্ষিকী' উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এর পক্ষ হতে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে স্থাপিত মুজিব মঞ্চে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। এ সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, ছাত্রছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

এরপর জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, নীলদল, অন্যান্য সমিতির পক্ষে থেকে একে একে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। এসময় ১৫ আগস্ট-এ নিহতদের স্মরণে দাঁড়িয়ে নীরবতা পালন করা হয়। এদিকে, বাদ যোহর বিশ্ববিদ্যালয় মসজিদে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিলে ১৯৭৫ সালের ১৫ আগস্ট বাঙালি জাতির পিতা, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি এবং স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তাঁর পরিবার ও অন্যান্য নিহতদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। জাতীয় শোক দিবস উপলক্ষে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা এবং কালো পতাকা উত্তোলন ও কালো ব্যাজ ধারণ করা হয়।